গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬২.২১. 228 তারিখ- ১৮/০৭/২০২২ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- 062/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি মুহাম্মদ হেলাল উদ্দিন, পিতা- মুহাম্মদ আবদুল বারীক, স্টাফ নার্স, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ) এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি পূর্বের কর্মস্থল শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জে কর্মরত থাকাকালীন রুবিয়া আক্তার, পিতাঃ উমরা খান, সিনিয়র স্টাফ নার্স, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ এর সাথে সামাজিক যোগাযোগ মাধ্যমে (হোয়াটস এপ) ০১/০৯/২০২১ খ্রিঃ হতে ০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত একাধিকবার অশ্লীল ও আপত্তিকর মেসেজ প্রদান করেছেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৫/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭. ১০০. ২১. ৪১৮ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু, আপনি ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখ উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন এবং কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি জনাব মুহাম্মদ হেলাল উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম (সাবেক কর্মস্থল- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ)কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

<u>প্রাপকঃ</u> মুহাম্মদ হেলাল উদ্দিন
স্টাফ নার্স

<u>কর্মস্থলের ঠিকানা</u>
মুহাম্মদ হেলাল উদ্দিন
পিতা- মুহাম্মদ আবদুল বারীক
১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম
(পূর্বের কর্মস্থল- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ)।

<u>স্থায়ী ঠিকানা</u>
মুহাম্মদ হেলাল উদ্দিন
পিতা- মুহাম্মদ আবদুল বারীক
গ্রামঃ মৈশাকান্দী, ইউনিয়নঃ নীলগঞ্জ
উপজেলাঃ কিশোরগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬২.২১. 224/1(৯)

তারিখ-৮/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৫। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৬। জেলা পাবলিক হেলথ নার্স, চট্টগ্রাম।
৭। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ।
৮। নার্সিং সুপারভাইজার, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

8/7/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

## অভিযোগ বিবরণী

মুহাম্মদ হেলাল উদ্দিন, পিতা- মুহাম্মদ আবদুল বারীক, স্টাফ নার্স, ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সন্দ্বীপ, চট্টগ্রাম (পূর্বের কর্মস্থল- শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ) পূর্বের কর্মস্থলে কর্মরত থাকাকালীন রুবিয়া আক্তার, পিতাঃ উমরা খান, সিনিয়র স্টাফ নার্স, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ এর সাথে সামাজিক যোগাযোগ মাধ্যমে (হোয়াটস এপ) ০১/০৯/২০২১ খ্রিঃ হতে ০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত একাধিকবার অশ্লীল ও আপত্তিকর মেসেজ প্রদান করেছেন। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

০৬/০৫/২২

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮৫.২১ তারিখঃ /০৭/২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, মোঃ ওমর ফারুক, পিতাঃ মোঃ আব্দুল কাদির, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ কর্মরত আছেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ০১/০২/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮৫.২১.৪৬ নং স্মারকের তার বিরুদ্ধে ০৪৭/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ০৭/০২/২০২২ খ্রিঃ তারিখে দাখিল করেন। উক্ত জবাব পর্যালোচনায় ও গত ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখের গৃহীত ব্যক্তিগত শুনানি অন্তে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, তিনি গত ০৫ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ এর সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক ও নার্সিং সুপারভাইজারবৃন্দকে অযোগ্য বলে অপমানমূলক মন্তব্য আপলোড করেন।

৪। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, মোঃ ওমর ফারুক, পিতাঃ মোঃ আব্দুল কাদির, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক তিরস্কার দন্ড প্রদান করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮৫.২১ . 22২1(৮) তারিখঃ ৬/০৭/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
৫। সেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
৬। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদের জন্য)
৭। মোঃ ওমর ফারুক, পিতাঃ মোঃ আব্দুল কাদির, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

৬/৭/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩৪৯.২০২০. তারিখঃ /০৭/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

সৈয়দ মুহাঃ মাহবুবুর রহমান, পিতাঃ মোঃ আব্দুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা গত ০৩/১০/২০১৩ খ্রিঃ তারিখ সরকারি চাকরিতে যোগদান করেন। তিনি ১৮/১০/২০১৩ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ০৬/১২/২০১৫ খ্রিঃ তারিখের ডি,এন,এস/শা-১/১ম-২১৭৮/২০১৩/৮১০৮ নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি। তার দীর্ঘ দিনের কর্মস্থলে অনুপস্থিতির কারণে সরকারি হাসপাতালে সেবা প্রদানে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। প্রতীয়মান হয়, তার এহেন কার্যকলাপ সরকারি দায়িত্ব পালনে চরম অবহেলার সামিল এবং তিনি শিক্ষানবিশকালে চাকরিতে বহাল থাকার অনুপযোগী।

২। অভিযুক্ত কর্মকর্তাকে সিনিয়র স্টাফ নার্স হিসেবে চাকরিতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান সংক্রান্তে The Nursing Personnel Recruitment Rules, 1985 এর 6(2)(a) বিধিতে উল্লেখ আছে, "Where, during the period of probation of a probationer, the appointing authority is of opinion that his/her conduct and work is unsatisfactory and that he/ she is not likely to become efficient, it may, before the expiry of that period,-(a) in case of direct recruitment, terminate his/ her service"। এছাড়া সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর ৬(২)(ক) বিধি অনুযায়ী শিক্ষানবিশকালে অভিযুক্তের আচরণ ও কর্ম সন্তোষজনক না হওয়াতে তার চাকরি অবসান যোগ্য।

৩। এমতাবস্থায়, সৈয়দ মুহাঃ মাহবুবুর রহমান, পিতাঃ মোঃ আব্দুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা (স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ+পোঃ গৌরীপুর, উপজেলাঃ দাউদকান্দি, জেলাঃ কুমিল্লা)-কে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১৮/১০/২০১৩ খ্রিঃ হতে চাকরি থেকে অপসারণ করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩৪৯.২০২০. 227/1(15) তারিখঃ ৬/০৭/২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব (নার্সিং সেবা-১/২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। সিভিল সার্জন, কুমিল্লা।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৮। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা।
৯। জেলা পাবলিক হেলথ নার্স, কুমিল্লা।
১০। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
১১। সহকারি পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্ত। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
১৩। প্রশাসনিক কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।
১৪। সৈয়দ মুহাঃ মাহবুবুর রহমান, পিতাঃ মোঃ আব্দুর রহমান, সিনিয়র স্টাফ নার্স (অপসারিত), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা (স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ+পোঃ গৌরীপুর, উপজেলাঃ দাউদকান্দি, জেলাঃ কুমিল্লা)।
১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

6/7/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭০.২০২০. তারিখঃ /০৭/২০২২ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

মোছাঃ লতিফা শারমিন, পিতাঃ মোঃ লোকমান হাকিম, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর (সাবেক কর্মস্থল-জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা, সংযুক্তিতে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, ঢাকা) ১৩/০৫/২০২০ খ্রিঃ তারিখ সরকারি চাকরিতে যোগদান করেন। গত ১৩/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ০৪/১১/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭০.২০২০.২১৩ নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। তার দাখিলকৃত কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়েছে।

২। এমতাবস্থায়, অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাকে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭০.২০২০. ২২৮১(৬) তারিখঃ৬ /০৭/২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপিঃ** জ্ঞাতার্থে
১। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, ঢাকা/ রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
৩। সেবা তত্ত্বাবধায়ক, কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, ঢাকা/ রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
৪। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫। মোছাঃ লতিফা শারমিন, পিতাঃ মোঃ লোকমান হাকিম, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর। (সাবেক কর্মস্থল-জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা, সংযুক্তিতে কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, ঢাকা)
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৬/৭/22
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২০.২২. ২২৯ তারিখঃ ৮/০৭/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।**

আপনি শামীমা জান্নাত, পিতাঃ মোঃ শফিকুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, গত ০২/০২/২০২২ খ্রিঃ তারিখ হতে ০৬/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ০৭/০২/২০২২ খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও আপনি অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন। আপনার দীর্ঘ দিনের কর্মস্থলে অনুপস্থিতির কারণে সরকারি হাসপাতালে সেবা প্রদানে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শাতে বলা হলো।

৮/৭/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

শামীমা জান্নাত
পিতাঃ মোঃ শফিকুর রহমান
সিনিয়র স্টাফ নার্স
সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল,
সিলেট।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২০.২২. ২২৯/১(৫) তারিখঃ ৮/০৭/২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ** জ্ঞাতার্থে

১। পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
২। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৩। সেবা তত্ত্বধায়ক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

৮/৭/22
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৪.২১ তারিখঃ /০৭/২০২২ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, মোঃ কামাল মিয়া, পিতাঃ মোঃ হক মিয়া, অফিস সহায়ক, নার্সিং কলেজ, রাজশাহী (সাবেক কর্মস্থল- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা) তে কর্মরত আছেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ০৯/০২/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৪.২১.৫৪ নং স্মারকে তার বিরুদ্ধে ০৪৭/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মচারি রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ২৩/০২/২০২২ খ্রিঃ তারিখ দাখিল করেন এবং উক্ত জবাব পর্যালোচনায় ও গত ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখের গৃহীত ব্যক্তিগত শুনানি অন্তে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, তিনি মোসাঃ শাহিনুর পারভীন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সৈয়দপুর, নীলফামারী এর শৃংখলা সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে মোবাইল ফোনে মোসাঃ শাহিনুর পারভীন এর সাথে অর্থ লেনদেন নিয়ে কথা বলেন।

৪। যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখা দন্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে তিনি বকেয়া পাবেননা এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবেনা।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৪.২১. ২৬০১১(৬) তারিখঃ ৮ /০৭/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে
১। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
৩। অধ্যক্ষ, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী।
৪। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫। মোঃ কামাল মিয়া, পিতাঃ মোঃ হক মিয়া, অফিস সহায়ক, নার্সিং কলেজ, রাজশাহী।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৮/৭/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০১.১৯ . ২৮৩

তারিখঃ ৫/০৭/২০২২ খ্রিস্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০৬৫/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি এএইচএম জাকারিয়া হোসেন, পিতাঃ আব্দুল হক, সিনিয়র স্টাফ নার্স, বিপিএসসি রেজিঃ নং ০০০৯৩৭, মেধাক্রম-৭৭১৬, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারীতে কর্মরত আছেন;

২। যেহেতু, আপনি "বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে পাশকৃত পেশেন্ট কেয়ার টেকনোলোজিস্টদের শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে প্রশিক্ষণ" বিষয়ে গত ২৫/০১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.১৫ ঘটিকায় অনুষ্ঠিত জুম প্লাটফর্ম সভার আইডি এবং পাসকোড বিনা অনুমতিতে ব্যবহার করে গোপনে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ; অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ; মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা এর কথোপকথনের ভিডিও রেকর্ড করেন। অতঃপর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইফবুক ও ইউটিউব চ্যানেলে ২৫ ও ২৬ জানুয়ারি, ২০২২ তারিখ আপলোড করেন;

৩। যেহেতু, আপনাকে এ অধিদপ্তরের ২৬/০১/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০১.১৯ নং স্মারকে স্বশরীরে উপস্থিত হয়ে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলে আপনি উক্ত কারণ দর্শানোর জবাব স্বশরীরে উপস্থিত হয়ে প্রদান করেন এবং ৩০/০১/২০২২ খ্রিঃ তারিখ আপনার দাখিলকৃত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক নয়;

৪। যেহেতু, আপনার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

৫। সেহেতু, আপনি এএইচএম জাকারিয়া হোসেন, পিতাঃ আব্দুল হক, সিনিয়র স্টাফ নার্স, বিপিএসসি রেজিঃ নং ০০০৯৩৭, মেধাক্রম-৭৭১৬, ডিমলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারীকে অসদাচরণের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী আপনাকে কেন আপনাকে চাকরি থেকে বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

৫/০৭/২২
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

এএইচএম জাকারিয়া হোসেন
পিতাঃ আব্দুল হক
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।

কর্মস্থলের ঠিকানাঃ
এএইচএম জাকারিয়া হোসেন
পিতাঃ আব্দুল হক
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।

স্থায়ী ঠিকানাঃ
এএইচএম জাকারিয়া হোসেন
পিতাঃ আব্দুল হক
গ্রাম-বাড়ী মধুপুর, পো-নিতাই, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা- নীলফামারী।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০১.১৯.২৩১১১(৯) তারিখঃ ৬/০৭/২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। সিভিল সার্জন, নীলফামারী।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।
৬। জেলা পাবলিক হেলথ নার্স, নীলফামারী।
৭। সহকারি পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর। (অভিযোগনামাটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৮। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

৬/৭/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

এএইচএম জাকারিয়া হোসেন, পিতাঃ আব্দুল হক, সিনিয়র স্টাফ নার্স, বিপিএসসি রেজিঃ নং ০০০৯৩৭, মেধাক্রম-৭৭১৬, ডিমলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারীতে কর্মরত আছেন। তিনি "বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে পাশকৃত পেশেন্ট কেয়ার টেকনোলোজিস্টদের শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে প্রশিক্ষণ" বিষয়ে গত ২৫/০১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.১৫ ঘটিকায় অনুষ্ঠিত জুম প্লাটফর্ম সভার আইডি এবং পাসকোড বিনা অনুমতিতে ব্যবহার করে গোপনে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ; অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ; মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা এর কথোপকথনের ভিডিও রেকর্ড করেন। অতঃপর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইফবুক ও ইউটিউব চ্যানেলে ২৫ ও ২৬ জানুয়ারি, ২০২২ তারিখ আপলোড করেন। তার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

১৬/০৭/২০২২

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা